# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
# VIDYASAGAR UNIVERSITY
## Question Paper

## B.A. Honours Examinations 2021
**(Under CBCS Pattern)**

## Semester - V
## Subject : BENGALI
**Paper : DSE 2-T**

**Full Marks : 60**
**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as per as practicable.*
*The figures in the margin indicate full marks.*

### জীবনী সাহিত্য ও পত্রসাহিত্য

#### বিভাগ-ক

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। (প্রতিটি প্রশ্নের মান ১২) ১২×৪=৪৮

ক. আত্মজীবনী হিসেবে অবনীন্দ্রনাথ ঠাকুরের আপন কথা'র সার্থকতা বিচার করো।

খ. 'ছিন্নপ্রত্র'র নির্বাচিত চিঠিগুলি অবলম্বনে কবির প্রকৃতিপ্রীতির পরিচয় দাও।

গ. মর্ত্যের প্রতি কবির যে ঐকান্তিক প্রীতি তা কীভাবে 'ছিন্নপত্র'র নির্বাচিত পত্রগুলিতে প্রকাশিত তা আলোচনা করো।

ঘ. 'ছিন্নপত্র'-এর নির্বাচিত পত্রগুলো অবলম্বনে পত্রকার রবীন্দ্রনাথ ঠাকুরের পরিচয় দাও।

Vidyasagar University

ঙ. অবনীন্দ্রনাথ ঠাকুরের 'আপন কথা' গ্রন্থে ঠাকুর পরিবার ও জোড়াসাঁকোর রঙিন লেখচিত্র কীভাবে প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

চ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'তৃণাঙ্কুর'-এর রচনাশৈলী সম্বন্ধে আলোচনা করো।

ছ. 'তৃণাঙ্কুর' অবলম্বনে বিভূতিভূষণের নিসর্গপ্রীতির পরিচয় দাও।

জ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'তৃণাঙ্কুর' অবলম্বনে লেখকের জীবনদর্শনের পরিচয় দাও।

**বিভাগ-খ**

**২. যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। (প্রতিটি প্রশ্নের মান ২)** **২×৬=১২**

ক. 'আপন কথা' গ্রন্থটি কবে কোথা থেকে প্রথম প্রকাশিত হয়?

খ. 'ছিন্নপত্র' ও 'ছিন্নপত্রাবলী'র প্রকাশকাল উল্লেখ করো? দুই গ্রন্থে কতগুলি পত্রিকা রয়েছে?

গ. 'ছিন্নপত্র'র চিঠিগুলি রবীন্দ্রনাথ ঠাকুর কাদের লিখেছিলেন?

ঘ. 'লেখবার সময় সুখও পাওয়া যায়'—উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।

ঙ. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'তৃণাঙ্কুর' কোন্ শ্রেণীর রচনা?

চ. 'শিশু সাহিত্য সম্রাট যাঁরা এসেছেন এবং আসছেন তাঁদের জন্য রইলো বাঁহাতে সেলাম; আর ডানহাতের কুর্নিশ রইলো'—উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে। উদ্ধৃতিটির বক্তা কে?

ছ. 'পদ্মদাসী' র পরিচয় দাও।

জ. 'তৃণাঙ্কুর' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? লেখক গ্রন্থটি কাকে উৎসর্গ করেন?

ঝ. 'একটা কথা আজকাল নির্জ্জনে বসে ভাবলেই বড় মনে পড়ে'—কার মনে পড়ে? কী কথা মনে পড়ে?

ঞ. 'আর্টকে বুদ্ধির চেয়ে হৃদয় দিয়ে বুঝতে চেষ্টা কল্লে বোঝা যায় বেশি'—কোন্ প্রসঙ্গে লেখক একথা বলেছেন?

Vidyasagar University

*অথবা*

## বাংলা বিতর্কমূলক, সৌন্দর্য তত্ত্বমূলক এবং বিজ্ঞান চেতনা মূলক গ্রন্থপাঠ

### বিভাগ-ক

**যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। (প্রতিটি পশ্নের মান - ১২)** **১২×৪=৪৮**

১. 'ব্রজবিলাস' রচনায় হাস্যরসের আবেদন আলোচনা করো।

২. 'ব্রজাবিলাস'-এ তৎকালীন চতুর ব্রাহ্মণদের অনৈতিকতার যে বিবরণ আছে তা পর্যালোচনা করো।

৩. বিধবাবিবাহের বিরুদ্ধে ব্রজনাথ তর্করত্ন যে যুক্তি দিয়েছেন তা উল্লেখ করো। বিদ্যাসাগর প্রত্যুত্তরে তাঁর প্রতি যে যে প্রশ্ন করেছেন সেগুলি লেখো।

৪. 'দৃষ্টি' ও 'সৃষ্টি' প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

৫. 'অসুন্দর' প্রবন্ধ অবলম্বনে অবনীন্দ্রনাথের শিল্পীমানসের পরিচয় দাও।

৬. 'অরূপ না রূপ' প্রবন্ধ অবলম্বনে রূপ-অরূপের পরিচয় দাও।

৭. 'অব্যক্ত' গ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।

৮. 'আপাত দৃষ্টিতে যা অজ্ঞাত ও রহস্যাবৃত তা-ই হল গ্রন্থটির আলোচ্য বিষয়,' মন্তব্যটি বিচার করো।

### বিভাগ-খ

**যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। (প্রতিটি পশ্নের মান -২)** **২×৬=১২**

১. 'ব্রজবিলাস'-এ বিবৃত একটি প্রবাদ লেখো।

২. ভাষা শিল্পী বিদ্যাসাগরের দুটি বৈশিষ্ট্য লেখো।

৩. বিদ্যাসাগর কোন্ নামে, কতসালে 'ব্রজবিলাস' রচনা করেছিলেন?

৪. প্রাবন্ধিক অবনীন্দ্রনাথের দুটি বৈশিষ্ট্য লেখো।

৫. শিল্প শাস্ত্রে মত ও মন্ত্রের একটি করে বৈশিষ্ট্য লেখো।

৬. 'আর্টের ভাষাতেও এই ভাগ'—ভাগগুলি লেখো।

৭. 'চতুর্দিক ব্যাপিয়া যে অব্যক্তজীবন প্রসারিত তাহার দু-একটি কাহিনী বর্ণিত হইল।"-কে কোথায় একথা বলেছেন?

Vidyasagar University

৮. ‘মন্ত্রের সাধন’ প্রবন্ধে উল্লিখিত দুজন বিজ্ঞানীর নাম লেখো।

৯. ‘এজগতে অসংখ্য ঘটনাবলীর মূলে তিনটি কারণ বিদ্যামান’—তিনটি কারণ উল্লেখ করো।

১০. ‘অব্যক্ত’ গ্রন্থের চারটি প্রবন্ধের নাম লেখো।

---

Vidyasagar University

*অথবা*

## বাংলা ছোটগল্প, ভ্রমণ কাহিনী ও গোয়েন্দা কাহিণী পাঠ

### বিভাগ-'ক'

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। **১২×৪=৪৮**

১. 'রসময়ীর রসিকতা' গল্পটি অবলম্বনে লেখকের হাস্যরস সৃজন কৌশলের পরিচয় দাও।

২. 'বেদেনী' গল্পে নীতিহীন বিবেকহীন তীব্র যৌবন পিপাসার আলেখ্য নির্মাণে গল্পকারের কৃতিত্ব বিচার করো।

৩. 'যে ধারাবাহিক অন্ধকার মাতৃগর্ভ হইতে সংগ্রহ করিয়া....তাহা প্রাগৈতিহাসিক'—সংশ্লিষ্ট গল্পটি অবলম্বনে লেখকের এই মন্তব্যটি ব্যাখ্যা করো।

৪. 'হয়তো' গল্পটির আঙ্গিক বিচার করো।

৫. 'অশ্বমেধের ঘোড়া' গল্পের নামকরণ কতখানি সার্থকতা বিচার করো।

৬. ভ্রমণ কাহিনী হিসেবে 'মরুতীর্থ হিংলাজ'-এর উৎকর্ষ বিচার করো।

৭. 'সজারুর কাঁটা' গল্পে সত্যান্বেষী কীভাবে রহস্যের উন্মোচন করলেন?—আলোচনা করো।

৮. মনস্তাত্ত্বিক গল্প হিসেবে 'হয়তো' র সার্থকতা বিচার করো।

### বিভাগ-খ

যে কোনো **ছ'টি** প্রশ্নের উত্তর দাও। ২×৬=১২

১. রসময়ীর নামে লেখা ক'টি চিঠি ক্ষেত্রমোহন পেয়েছিল? চিঠিগুলিতে কোন্ কালি ব্যবহার করা হয়েছিল?

২. বেদেনীর নাম কী? তার প্রথম বিবাহিত স্বামীর নাম কী?

৩. ভিখুর সাকরেদের নাম কী? ভিখু কাকে কীভাবে হত্যা করেছিল?

৪. 'হয়তো' গল্পের নায়ক কে? তার বোনের নাম কী?

৫. 'হয়তো' গল্পটি যে রীতিতে উপস্থাপিত হয়েছে, তাকে এককথায় কী বলে?

Vidyasagar University

৬. ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পের নায়কের নাম ও পেশা কী ছিল?

৭. ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পের শেষে নায়ক-নায়িকার অপমানবোধের কারণ কী?

৮. ‘মরুতীর্থ হিংলাজ’ কবে প্রথম প্রকাশিত হয়েছিল? লেখকের অপর একটি প্রধান গ্রন্থের নাম লেখো।

৯. ‘সজারুর কাঁটা’ গল্পে দেবাশীস বাবুকে হত্যা করতে চাওয়ার কী কী কারণ ছিল?

১০. ‘রসময়ীর রসিকতা’ গল্পে ক্ষেত্রমোহনের বৈঠকখানায় উপস্থিত দু’জন বন্ধুর নাম ও তাদের পেশা উল্লেখ করো।

Vidyasagar University

*অথবা*

## বাংলা রঙ্গমঞ্চ, সাময়িক পত্র ও অনুবাদ সাহিত্যের ইতিহাস

### বিভাগ-'ক'

যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও। 12×৪=৪৮

১. প্রথম বাংলা নাটকাভিনয়ের মঞ্চ কবে, কোথায় স্থাপিত হয়েছিল? নির্মাতার এবং রঙ্গালয়টির নাম লেখো। এখানে অভিনয়ের আয়োজন ও অভিনয়ের বিবরণ দাও।

২. বাংলা রঙ্গালয়ের ইতিহাসে 'ন্যাশনাল থিয়েটার' (১৮৭২)-এর গুরুত্ব আলোচনা করো।

৩. বেলগাছিয়া নাট্যশালার সংক্ষিপ্ত পরিচয় দাও। এই মঞ্চের নাট্যাভিনয় সম্পর্কে আলোচনা করো।

৪. বাংলা গদ্য সাহিত্যের নির্মিতিতে 'বঙ্গদর্শন'-পূর্ববর্তী সাময়িক পত্রগুলির গুরুত্ব আলোচনা করো।

৫. টীকা লেখো (যে কোনো দু'টি)

'সবুজপত্র', 'কল্লোল', 'শনিবারের চিঠি'

৬. উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা সাহিত্যে 'বঙ্গদর্শন' পত্রিকাটির ভূমিকা নিরূপণ করো।

৭. বাংলা সাহিত্যে অনুবাদ ধারার গুরুত্ব আলোচনা করো।

৮. মধ্যযুগের বাংলা সাহিত্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

### বিভাগ-খ

যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দাও। ২×৬=১২

১. নাট্য-নিয়ন্ত্রণ আইন কত খ্রিস্টাব্দে চালু হয়? এই আইনে নিষিদ্ধ হওয়া উপেন্দ্রনাথ দাসের দু'টি নাটকের নাম লেখো।

২. জোড়াসাঁকো থিয়েটার কত খ্রিস্টাব্দে কে প্রতিষ্ঠা করেন? থিয়েটারে প্রথম অভিনীত নাটক কোনটি?

৩. মিনার্ভা থিয়েটারের প্রতিষ্ঠাতা, প্রতিষ্ঠাকাল এবং প্রথম অভিনীত নাটকের নাম উল্লেখ করো।

৪. বাঙালির দ্বারা প্রতিষ্ঠিত প্রথম নাট্যশালা কোন্‌টি? এটি কে প্রতিষ্ঠা করেন? কত খ্রিস্টাব্দে এটি প্রতিষ্ঠিত হয়?

Vidyasagar University

৫. অনুবাদ কত রকমের হতে পারে? প্রত্যেক প্রকারের অনুবাদের একটি করে উদাহরণ দাও।

৬. রবীন্দ্রনাথকৃত ‘ডাকঘর’ ও ‘রক্তকরবী’ নাটক দু’টির ইংরেজি অনুবাদের নামগুলি লেখো।

৭. অজিতেশ বন্দ্যোপাধ্যায়ের লেখা ‘পাপপুণ্য’ ও ‘মঞ্জরী আমের মঞ্জরী’ নাটক দু’টি কোন্ কোন্ নাটকের রূপান্তর? মূল নাটক দু’টির রচয়িতার নাম উল্লেখ করো।

৮. প্রতিষ্ঠালগ্নে ‘ভারতী’ পত্রিকার সম্পাদক কে ছিলেন? এই পত্রিকার পরবর্তী কালের দু’জন সম্পাদকের নাম লেখো।

৯. ‘সাধনা’তে প্রকাশিত রবীন্দ্রনাথের দু’টি ছোটোগল্পের নাম প্রকাশকালসহ উল্লেখ করো।

১০. ‘কৃত্তিবাস’ পত্রিকার নামকরণ কে করেন? ‘পরিচয়’ পত্রিকার প্রথম সম্পাদকের নাম কী?

---

Vidyasagar University